

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জোনাল সেটেলমেন্ট অফিসারের কার্যালয়, ঢাকা  
২৮, শহীদ তাজউদ্দীন আহমেদ সরণি  
তেজগাঁও, ঢাকা-১২০৮।

স্মারক নং ৩১.০৩.২৬০০.০২২. ১৭ .১০.১৫

তারিখ : ১৭/০৮/২০১৫ খ্রিঃ।

**বিষয় : ঢাকা জোনে স্থাপিত প্রেস হতেই খতিয়ান মুদ্রণের চাহিদা প্রেরণ।**

সূত্র: মহাপরিচালক মহোদয়ের স্মারক নং ৩১.০৩০০০০.০০৫.৩৩.১০০ (খন্ড-১).১৪.৪৪২; তারিখ ৪/০৮/২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থিত স্মারকে জানানো যাচ্ছে যে, ঢাকা জোনে স্থাপিত প্রেস হতেই তাঁর তত্ত্বাবধানে ঢাকা জোনের খতিয়ান মুদ্রণের নির্দেশনা পাওয়া গিয়েছে যার ফলে খতিয়ান ডাটা হারিয়ে যাওয়ার কোন সম্ভাবনা থাকবে না।

২। চলতি অর্ধবছরে ঢাকা জোন হতে প্রায় ৮৮ মৌজার ১,৩১,০০০ খতিয়ানের চূড়ান্ত প্রকাশনা প্রদানের কর্মসূচী প্রদান করা হয়েছে এবং ইতোমধ্যে প্রায় সবকটি মৌজার ১ম মুদ্রণ সমাপ্ত হয়েছে এবং ৫০টিরও অধিক মৌজা চূড়ান্ত মুদ্রণ উপযোগী হয়েছে। সে হিসেবে ঢাকা জোনে স্থাপিত প্রেস হতে প্রতিটি খতিয়ানের ১০ কপি মুদ্রণ এবং দাগের সূচি সহ অন্যান্য মুদ্রণ হিসেব করা হলে প্রায় প্রায় ১৪ লক্ষ খতিয়ান ও খতিয়ান সংশ্লিষ্ট কাগজ মুদ্রণ করার প্রয়োজন হবে। বর্তমানে ঢাকা জোনে স্থাপিত প্রেসে ৫টি কম্পিউটারের বিপরীতে ৫জন ডাটা এন্ট্রি অপারেটর আছে। ১টি প্রিন্টার থাকলেও তার বিপরীতে কোন অপারেটর ও কম্পিউটার নেই ফলে খতিয়ান প্রিন্ট করতে গেলে ১জন ডাটা এন্ট্রি অপারেটরের তখন কোন কাজ থাকেনা। অপরদিকে প্রিন্টারটির মেয়াদকাল ইতোমধ্যেই শেষ হয়ে গেছে এবং যে কোন সময়ে প্রিন্টারটি অকেজো হয়ে পড়তে পারে।

৩। এমতাবস্থায় উল্লিখিত অবস্থা হতে পরিব্রাণের জন্য এবং ঢাকা জোনের খতিয়ান মুদ্রণের কাজ নির্বিল্ব করার স্বার্থে ১টি কম্পিউটার সহ প্রিন্টার, কমপক্ষে ১ জন প্রিন্টার অপারেটর, প্রয়োজনীয় কাগজ, টোনার, ড্রাম কার্টিজ প্রভৃতি সরবরাহক্রমে ঢাকা জোনে স্থাপিত প্রেসকে কার্যক্ষম করার এবং সংযুক্ত তালিকায় বর্ণিত মৌজাগুলোর খতিয়ানসমূহ চূড়ান্ত মুদ্রণক্রমে এ কার্যালয়ে সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

সংযুক্ত: চূড়ান্ত প্রকাশযোগ্য মৌজা তালিকা- কপি।

(মোঃ মোয়াজ্জেম হোসেন)

(যুগ্মসচিব)

জোনাল সেটেলমেন্ট অফিসার,

ঢাকা।

ফোন : (০২) ৯১৩ ১৫৭৩

ফ্যাক্স : (০২) ৯১২ ৫৪২৩

প্রেস অফিসার

ঢাকা সেটেলমেন্ট প্রেস

স্মারক নং ৩১.০৩.২৬০০.০২২. ১৭ .১০.১৫

তারিখ : ১৭/০৮/২০১৫ খ্রিঃ।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।

২। পরিচালক (ভূমি রেকর্ড)/ জরিপ/ প্রশাসন, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।

জোনাল সেটেলমেন্ট অফিসার,

ঢাকা।